

- ১। **প্রকল্পের নাম:** উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প
- ২। **প্রকল্পের মূল উদ্দেশ্য:** দরিদ্র ও সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল জনশক্তিতে রূপান্তর করে দারিদ্রমোচন ও উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করা।
- ৩। **নির্দিষ্ট উদ্দেশ্য:**
- ৩,৮১,২৫০ জন দরিদ্র ও সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান এবং মাইক্রো ক্রেডিট প্রোগ্রামের সাথে সংযোগ স্থাপন।
  - প্রশিক্ষণার্থীদের জন্য কাজের ক্ষেত্র ও উৎপাদিত পণ্য বা সেবা বিপণনের সুযোগ তৈরী।
  - দরিদ্র-সুবিধা বঞ্চিত মহিলাদের অধিকার ও সুযোগ-সুবিধা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- ৪। **প্রকল্পের মেয়াদ:** জানুয়ারি-২০১৭ থেকে ডিসেম্বর-২০২২।
- ৫। **প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয়:** ৫৯১০৩.২৮ লক্ষ টাকা।
- ৬। **প্রকল্প এলাকা :** উপজেলা/জেলা/বিভাগীয় শহর (৪৩১ উপজেলা, ৬৪ জেলা শহর, ০৮ টি বিভাগীয় শহর)
- ০৭। **পটভূমি :** দেশের মোট জনসংখ্যার অর্ধেকের বেশি নারী। নারীদের আত্মনির্ভরশীল করার লক্ষ্যে আয়বর্ধক প্রশিক্ষণের বিকল্প নেই। এর ধারাবাহিকতায় প্রান্তিক, সুবিধাবঞ্চিত তৃণমূল পর্যায়ে নারীদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল ও দক্ষ মানব সম্পদে রূপান্তরের লক্ষ্যে ৪৩১ টি উপজেলা, ৬৪ টি জেলা ও ৮ টি বিভাগীয় শহরে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য এই প্রকল্পটি বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

#### **০৮। প্রকল্পের কার্যক্রমঃ**

(ক) “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প” এর মাধ্যমে দেশের দরিদ্র ও সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের ০৩ (তিন) মাস ব্যাপী প্রতি উপজেলায় ০২ (দুই) টি ট্রেডে ২৫+২৫=৫০ জন এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতি ব্যাচে ৩০ জন মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতির ভিত্তিতে (প্রতিদিন ২০০ টাকা করে) ৬০ কর্মদিবসে সর্বমোট ১২,০০০ টাকা প্রশিক্ষণ ভাতা এবং প্রশিক্ষণ গ্রহণের সনদপত্র প্রদান করা হয়।

(খ) প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের কাজের ক্ষেত্র ও উৎপাদিত পণ্য বা সেবা বিপণনের জন্য অত্র প্রকল্পের মাধ্যমে ৬৪ টি জেলা শহরে সেলস্ ও ডিসপ্লে সেন্টার এবং ২০ টি জেলা শহরে বিউটিপার্লার স্থাপন করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে BRTC এর মাধ্যমে মটর ডাইভিং ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের কে BRTA এর মাধ্যমে শিক্ষানবিশ ও পেশাদার লাইসেন্স প্রদান করা হবে।

#### **০৯। প্রকল্পের বাস্তব অগ্রগতিঃ**

- প্রকল্পের শুরু হতে মার্চ-২০২১ পর্যন্ত সর্বমোট ২,৬৬,৫৯০ (দুই লক্ষ ছেষটি হাজার পাঁচশত নব্বই) জন মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। **বাস্তব অগ্রগতি ৬৯.৯২%।**
- আইজিএ প্রকল্প হতে প্রশিক্ষণ নিয়ে প্রায় ৩৫,০০০ (পঁয়ত্রিশ হাজার) জন মহিলা উদ্যোক্তা তৈরি হয়েছে। তারা বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত আছে এবং নিজেদের বাড়িতে থেকেও কাজ করে নিজেদের আত্মনির্ভরশীল করে গড়ে তুলছে।
- এপ্রিল-২০২২ হতে জুন-২০২২ সেশনে ৪৩১ টি উপজেলায় সকালে ১৪ তম ও বিকালে ১৫ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে শুরু করা হয়েছে। ৮ টি বিভাগীয় শহরে BRTC এর মাধ্যমে মটর ডাইভিং ট্রেডের ৯ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। ৬৪ টি জেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

১০। প্রকল্পের আর্থিক অগ্রগতি:

- প্রকল্পের শুরু থেকে মার্চ-২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৩১,৭১২.৩১ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয় ৫৯১০৩.২৮ লক্ষ টাকার প্রায় ৫৩.৬৬%।

১১। আইজিএ প্রকল্পের পুনর্বিন্যাসকৃত প্রশিক্ষণ ট্রেন্ডের তালিকাঃ

ক্রমিক নং	ট্রেন্ডের নাম	মন্তব্য
১।	ফ্যাশন ডিজাইন	উপজেলা পর্যায়ে (প্রতি উপজেলায় ০২টি করে ট্রেন্ড)
২।	বিউটিফিকেশন	
৩।	ভার্মি কম্পোস্ট, মাশরুম ও মৌচাষ	
৪।	শতরঞ্জি ও হস্তশিল্প	
৫।	ক্রিস্টাল শো পিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি)	
৬।	ফুড প্রসেসিং	
৭।	বেবি কেয়ার ও হাউজ কিপিং	
৮।	কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং	জেলা শহরে (০১টি করে ট্রেন্ড)
৯।	কম্পিউটার অ্যানালিকেশন প্রোগ্রাম	
১০।	মটর ড্রাইভিং	বিভাগীয় শহরে (০১টি করে ট্রেন্ড)

আইজিএ প্রকল্পের ছবি



চিত্র : আইজিএ প্রকল্পের পান শরিদাস



চিত্র : আইজিএ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের সন্দনপুর বিতরণ।



চিত্র -৩ : আইজিএ প্রকল্পের আওতায় স্থাপিত সেনল ও ডিনারা সেটার



চিত্র: আইজিএ প্রকল্পের আওতায় শাহীপুর জেলার কাশীপুর উপজেলায় ট্রি-টাল শোপিং ট্রেনের প্রশিক্ষণ কার্যক্রম।



চিত্র: আইজিএ প্রকল্পের আওতায় মণের জেলার শার্শী উপজেলায় রক বাটিক ট্রেনের ব্যবহারিক প্রশিক্ষণ কার্যক্রম।



চিত্র: টেইলারিং ট্রেনের ব্যবহারিক প্রশিক্ষণ



চিত্র: আইজিএ প্রকল্পের আশা নিগাহ ট্রেনের প্রশিক্ষণ কার্যক্রম।



চিত্র: আইজিএ প্রকল্পের আওতায় টপাইনবাবগঞ্জ জেলায় কম্পিউটার সার্ভিসিং এন্ড রিসেম্যারিং ট্রেনের প্রশিক্ষণ কার্যক্রম।



চিত্র: আইজিএ প্রকল্পের আওতায় বিউটিসিয়ান ট্রেনের প্রশিক্ষণ কার্যক্রম।



চিত্র: বিভাগীয় পর্যায়ে মটর ড্রাইভিং প্রশিক্ষণ